# গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর ১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২)৯৯৬৬৯৫৩২৩, ফ্যাক্স-০২-৯৯৬৬৯৫৩১৬, ৯৯৬৬৯৫৩৩৩, পিএবিএক্স: ৯৯৬৬৯৫৩১০-১৪

# Gazipur Agricultural University

GAZIPUR 1706, BANGLADESH, TELEPHONE-(02) 996695323, FAX-880-02-996695316, 996695333, PABX-996695310-14, WEB- www.gau.edu.bd


স্মারক নং- গাকৃবি/প্রশা:/ই-০৫/২০২৩/৩৪৪০ তারিখ: ১৭/০৫/২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত কর্মচারী পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| নং | পদের নাম ও বেতন গ্রেড | বিভাগ/শাখার নাম ও পদসংখ্যা |
|---|---|---|
| ১. | স্টোর সহকারী, গ্রেড-১৬ (৳ ৯৩০০-২২৪৯০/-) | কেন্দ্রীয় স্টোর-১ |
| ২. | ডিপটিউবওয়েল অপারেটর, গ্রেড-১৬ (৳ ৯৩০০-২২৪৯০/-) | খামার শাখা-১ |
| ৩. | অফিস সহায়ক, গ্রেড-২০ (৳ ৮২৫০-২০০১০/-) | সংস্থাপন শাখা-১ |

উপরোল্লিখিত পদসমূহের জন্য আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ১৭/০৬/২০২৬ বিকাল ৫ ঘটিকা

আবেদনের নির্ধারিত ফরম (Prescribed Form), নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (gau.edu.bd) থেকে ডাউনলোড করা যাবে।

১৭.০৫.২০২৬
(মো. আবদুল্লাহ মৃধা)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)

Sharmin

১৭/০৫/২০২৬ তারিখের গাকৃবি/প্রশা:/ই-০৫/২০২৩/৩৪৪০ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য ও শর্তাবলী এবং বর্ণিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. গাকৃবি ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমে কর্মচারী পদের জন্য ০১ (এক) টি আবেদনপত্র রেজিস্ট্রার, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর বরাবর A4 সাইজের কাগজে দাখিল করতে হবে।

২. আবেদনপত্রের সাথে- ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) নম্বরপত্র; ৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৪) ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; ৫) জাতীয় পরিচয়পত্র; ৬) যেসব পদের ক্ষেত্রে কম্পিউটার প্রশিক্ষণ চাওয়া হয়েছে সেসব পদের ক্ষেত্রে সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান, যেমন জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার), যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা পরিষদ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বাকাশিবো) ইত্যাদি হতে প্রাপ্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদ; ৭) অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্র (যদি থাকে) তবে, প্রতিটি পদের নিয়োগপত্র ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদির সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে A4 সাইজের কাগজে সংযোজন করতে হবে।

৩. প্রার্থীকে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি সত্যায়িত করত: এবং স্ট্যাম্প সাইজের ১ (এক) কপি ছবি (সত্যায়ন ছাড়া) মূল আবেদনপত্রের উপরে (ডানদিকে) সংযুক্ত করতে হবে। পাসপোর্ট সাইজের ছবির পিছনে প্রার্থীর নাম এবং পদের নাম লিখতে হবে।

৪. ক্রমিক নং ১ থেকে ২ পদের প্রার্থীকে ১০০ (একশত); ক্রমিক নং ৩ পদের প্রার্থীকে ৫০ (পঞ্চাশ) এবং সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) ৫০ (পঞ্চাশ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, সোনালী ব্যাংক পিএলসি, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর শাখার উপর দাখিল করতে হবে। ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৫. প্রযোজ্য ক্ষেত্রে সরকারি নিয়ম অনুযায়ী বিভিন্ন কোটা অনুসরণ করা হবে। তবে কোটার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬. খামের উপর পদের নাম ও প্রেরকের ঠিকানা উল্লেখ করতে হবে। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭. নির্ধারিত ফরম ব্যতীত এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত তারিখ ও সময় (১৭/০৬/২০২৬ বিকাল ৫ ঘটিকা) এর পর হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/অন্য কোন মাধ্যমে আসা আবেদনপত্র গ্রহণ করা হবে না। **উল্লেখ্য যে, ২২/০৫/২০২৬ হতে ০৬/০৬/২০২৬ তারিখ পর্যন্ত ঈদ-উল-আযহা উপলক্ষে বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে।**

৮. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং/অথবা সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। এজন্য কোন ভ্রমণ বা অবস্থান ভাতা দেয়া হবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান ই-মেইল ঠিকানায় পত্র মারফত/সংশ্লিষ্ট প্রার্থীর বর্তমান ঠিকানায় ডাকযোগে অথবা মোবাইল নম্বরে এসএমএস (SMS) মারফত জানানো হবে।

৯. নিয়োগপ্রাপ্তদের বাসা প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করতে হবে।

১০. এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।

১১. "অভিজ্ঞতা" অর্থ কোন পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীকাল-কে বুঝাবে।

Sharmin

## বিজ্ঞাপিত পদসমূহে নিয়োগের যোগ্যতা

| নং | পদের নাম ও বেতনক্রম | যোগ্যতা |
|---|---|---|
| ১. | স্টোর সহকারী<br>গ্রেড-১৬<br>৳ ৯৩০০-২২৪৯০/- | ক) SSC ও HSC/সমমানের পরীক্ষায় জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চার) এর মধ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) কমপক্ষে ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) অথবা নম্বর পদ্ধতিতে প্রত্যেক পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ; খ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে; গ) বয়সসীমা অনধিক ৩২ বছর। |
| ২. | ডিপটিউবওয়েল অপারেটর<br>গ্রেড-১৬<br>৳ ৯৩০০-২২৪৯০/- | ক) SSC/সমমানের পরীক্ষায় জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) অথবা ২য় বিভাগ; খ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে; গ) কারিগরি শিক্ষা বোর্ড/অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে সনদপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে; ঘ) বয়সসীমা অনধিক ৩২ বছর; ঙ) বাইসাইকেল চালনায় পারদর্শিতা অগ্রাধিকারযোগ্য। |
| ৩. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>৳ ৮২৫০-২০০১০/- | ক) SSC/সমমানের পরীক্ষায় জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) অথবা নম্বর পদ্ধতিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ; (খ) বয়সসীমা অনধিক ৩২ বছর। |

২৭.০৫.২০২৫

(মো. আবদুল্লাহ মৃধা)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)

Sharmin